

শুগান্থ

প্রিন্ট: ০৮ মে ২০২৫, ০৮:২৯ এএম

সারাদেশ

ববি উপাচার্যের বাসভবনে তালা লাগিয়ে ফুল গুঁজে দিলেন শিক্ষার্থীরা



বরিশাল বুরো

প্রকাশ: ০৭ মে ২০২৫, ০৭:১১ পিএম



বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) উপাচার্য ড. শুচিতা শরমিনের অপসারণ দাবিতে এবার তার বাসভবনের গেটে তালা ঝুলিয়ে দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। বুধবার দুপুর ১২টার দিকে শিক্ষার্থীরা তালা ঝুলিয়ে তাতে ফুল গুঁজে দেন।

দুপুর সাড়ে ১২টা থেকে ববির গ্রাউন্ড ফ্লোরে অবস্থান কর্মসূচি ও বিক্ষোভ করেন তারা। কর্মসূচিতে বিভিন্ন প্রতিবাদী গানের পাশাপাশি উপাচার্যবিরোধী বক্তব্য ও বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

অপসারণ না হলে উপাচার্যের বাসভবনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নসহ রাজধানীর পুরো দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়ার হঁশিয়ারি দেন আন্দোলনকারীরা।

এর আগে উপাচার্যের অপসারণ দাবিতে মঙ্গলবার ববির প্রশাসনিক দপ্তরগুলোতে তালা ঝুলিয়েছেন আন্দোলনরতরা। তবে ববির একাডেমিক কার্যক্রম সচল রয়েছে।

শিক্ষার্থীদের ২২ দফা দাবি পূরণে ব্যর্থতা, চিকিৎসার অভাবে মারা যাওয়া শিক্ষার্থীকে অর্থ সহায়তা না দেওয়া, ক্যাম্পাসে ফ্যাসিবাদের দোসরদের লালন, শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা এবং বিভিন্ন উন্নয়ন খাতে দুর্নীতির অভিযোগে উপাচার্যের অপসারণ চাইছেন আন্দোলনকারীরা।

এ সময় বক্তব্য দেন- মৃত্তিকা বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সুজয় শুভ, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের আজমাইন শুভ এবং আইন বিভাগের শহিদুল ইসলাম শাহেদ।

আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, স্বেরাচারের দোসর অদক্ষ এই উপাচার্য অতীতে শিক্ষার্থীদের যৌক্তিক দাবি পূরণের প্রতিশ্রুতি দিয়েছিলেন; কিন্তু সেই দাবিগুলো আজও পূরণ না হওয়ায় ববির কোনো পরিবর্তন হয়নি। নানান সংকটের কারণে শিক্ষার্থীরা মানসম্মত শিক্ষা পাচ্ছেন না। সেদিকে উপাচার্যের নজর নেই। উল্টো তিনি স্বেরাচারের দোসরদের পুনর্বাসন করে যাচ্ছেন। তাই তাকে অপসারণ করে শিক্ষার্থীবান্ধব উপাচার্য দেওয়ার দাবি জানাচ্ছি। নয়তো তিনি দ্রুত পদত্যাগপত্র জমা দিয়ে চলে যাবেন। তা না করলে কঠোর কর্মসূচি দিয়ে পদত্যাগে বাধ্য করা হবে।

এর আগে ৪ দফা দাবি আদায়ে গত ১৫ দিনেরও বেশি সময় ধরে এ আন্দোলন চলছে। দাবি আদায় না হওয়ায় সোমবার থেকে শিক্ষার্থীরা উপাচার্যের অপসারণের এক দফা দাবিতে আন্দোলনে নামেন।

